দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 26 APR 2018 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ১ ...

# ২০১৬ সালের প্রশ্নে এইচএসসি পরীক্ষা চলল ২০ মিনিট!

■ সখীপুর (টাঙ্গাইল) সংবাদদাতা

চলমান এইচএসসির হিসাব বিজ্ঞান ২য় পত্রের পরীক্ষায় ২০১৬ সালের বহু নির্বাচনী প্রশ্নপত্রে প্রায় ২০ মিনিট পরীক্ষা নেওয়া হয়েছে। শিক্ষার্থীরা প্রশ্ন হাতে পেয়ে উত্তরপত্রের ঘর পূরণ করা শুরু করে। প্রায় ২০ মিনিট পর এক শিক্ষার্থীর নজরে আসে ২০১৬ সালের প্রশ্নে পরীক্ষা দেওয়ার বিষয়টি। তাৎক্ষণিক ওই শিক্ষার্থী দায়িত্বরত শিক্ষককে জানান। এ ঘটনায় শিক্ষার্থীদের মাঝে ক্ষোভের সৃষ্টি হয়। ঘটনাটি ঘটেছে গতকাল বুধবার সকালে টাঙ্গাইল জেলার বাসাইল এমদাদ হামিদা ডিগ্রি কলেজ কেন্দ্রে। পৃষ্ঠা ১৫ কলাম ৪

## ২০১৬ সালের প্রশ্নে

প্রথম পৃষ্ঠার পর

ঘটনাটি শুনে তাৎক্ষণিক উপজেলা নির্বাহী কর্মকর্তা ওই কেন্দ্রে উপস্থিত হন। পরে তিনি উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে কথা বলে নতুন প্রশ্ন দিয়ে ৭ মিনিট সময় বাড়িয়ে দেন। এ কেন্দ্রে তিনটি কলেজের ৮৪ শিক্ষার্থী হিসাব বিজ্ঞান ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করে। এর মধ্যে প্রায় ২০ শিক্ষার্থীর হাতে পুরনো প্রশ্ন তুলে দেওয়া হয়েছিল।

এ ব্যাপারে বাসাইল এমদাদ হামিদা ডিগ্রি কলেজ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ও প্রিন্সিপাল ড. হাবিবুর রহমান বলেন, ভুলক্রমে ২০১৬ সালের বহু নির্বাচনী 'গ' সেট প্রশ্ন দেওয়া হয়। অবশ্য কিছুক্ষণের মধ্যেই সেটি পরিবর্তন করা হয়। বাসাইল উপজেলা নির্বাহী কর্মকর্তা শামছুন নাহার স্বপ্না বলেন, বিষয়টি জানার পর তাৎক্ষণিক কেন্দ্রে গিয়ে প্রশ্ন পরিবর্তন করা হয়েছে।